গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিভিল সার্জনের কার্যালয়

সিরাজগঞ্জ।

e-mail: serajganj@cs.dghs.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-সিএস/সিরাজ/সংস্থাপন/৩য়-৪র্থ শ্রেণী নিয়োগ/২০২৪/৭৩৪ তারিখঃ ০৫/০৫/২৪

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর স্মারক নং-স্বাপকম/প্রশা-১/এডি/১ই-০৭/০৩ (অংশ-১)-১৫৯ তারিখঃ ১৮/০১/২০২৪ খ্রিঃ মূলে ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, সিরাজগঞ্জ ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান সমূহে ৩য়/৪র্থ শ্রেণীর (১১-২০ গ্রেড) ভুক্ত নিম্নলিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে (hhtp://cssirajganj.teletalk.com.bd) ওয়েব সাইটে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৫ (পাঁচ) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান,গণিত,অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০২ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ (এক) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজী প্রতি মিনিটে ৩০ শব্দ। |
| ০৩ | কীটতত্ত্বীয় টেকনিশিয়ান | ০১ (এক) | গ্রেড- ১৫ ৯৭০০-২৩৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | ষ্টোর কিপার | ০৬ (ছয়) | গ্রেড- ১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। |
| ০৫ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ (পাঁচ) | গ্রেড- ১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজী প্রতি মিনিটে ২০ শব্দ। |
| ০৬ | স্বাস্থ্য সহকারী | ১৪৬ (একশত ছেচল্লিশ) | গ্রেড- ১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৭ | ড্রাইভার | ০৫ (পাঁচ) | গ্রেড- ১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) হালকা গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। (গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |
| ০৮ | ল্যাবরেটরি এটেনডেন্ট | ০১ (এক) | গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে এবং সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধি ব্যতিত সকল আবেদনকারীর বয়স ০৭/০৫/২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধির ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধার নাতী-নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখকে বিবেচনা করা হবে।

৩। সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

৪। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৫। উক্ত নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় ননমেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৮ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে নিয়োগের কমন বিধিমালা মোতাবেক লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

৬। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-১/২০১৮/২৬৫৪ তারিখঃ ১১/০৬/২০১৮ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে উল্লেখিত পদসমূহে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৭। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৮। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারীবিধি বিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় তাহার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC)- এর মূলকপি জমা দিতে হবে।

৯। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান অনুসরণ করা হবে।

১০। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পাশ্ববর্তী ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

১১। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Parmanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত মূল নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১২। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিক) সিভিল সার্জন অফিস এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় সমূহের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভুল/ভিন্ন তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় গ্রহণ করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে ও পরে, এমনকি নিয়োগের পত্রে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

*১৪। কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।*

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

১৬। অনলাইনে আবেদন গ্রহণ/বাতিল ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৭। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়ন/প্রত্যয়নের ক্ষেত্রে কর্মকর্তার নাম ও পদবিযুক্ত সীল ব্যবহার করতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মুলসনদ/সাময়িক সনদ/অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।

(গ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয়পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা ইত্যাদি সনদপত্র।

(ঘ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমাণক।

(চ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।

(ছ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।

(জ) Download কৃত applicant's Copy & Admit Card এর সত্যায়িত কপি।

(ঝ) অন্যান্য কোটার আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক দাখিল করতে হবে।

**১৮। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপঃ**

(ক) আগ্রহী পদ প্রার্থীগণ http://cssirajganj.teletalk.com. এই ওয়েবসাইটে Online- এ আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েব সাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে।

(খ) Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৭/০৫/২০২৪ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা।

(গ) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮/০৫/২০২৪ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা।

(ঘ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS- এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৯। Online- এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সর্বোচ্চ সাইজ 60 KB হতে হবে।

২০। *Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online- এ আবেদনপত্র করার Submit করার পূর্বেই পূরণকৃত* সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

২১। প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

২২। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ**

Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে *কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত এক* Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ গ্রেড ১৩ হতে ১৬ পর্যন্ত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং গ্রেড ১৭ হতে ২০ পর্যন্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online - এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম এসএমএসঃ**

CSSIRAJGANJ<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSSIRAJGANJ ABCDEF send to 16222.
Reply: Applicant's name, Tk.223/- will be charged as application fee. Your PIN is XXXXড়XXXX. To pay fee Type CSSIRAJGANJ <space> Yes <space> PIN and send to 16222 নম্বরে।

**দ্বিতীয় এসএমএসঃ**

CSSIRAJGANJ<space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSSIRAJGANJ YES 12345678
**Reply SMS:** Congratulations Applicant`s Name, payment complete successfully for CSSIRAJGANJ Application for (post name) User ID is (ABCDEF) and password (XXXXXXXX)

২৩। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (hhtp://cssirajganj.teletalk.com.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

২৪। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২৫। শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে:
CSSIRAJGANJ <space> HELP <space> USER <space> User ID & send to 16222.
(খ) PIN Number জানা থাকে:
CSSIRAJGANJ <space> HELP <space> PIN <space> PIN Number & send to 16222.
Example" CSSIRAJGANJ HELP PIN 12345678

২৬। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.cs.sirajganj.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করা হবে এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জন অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

২৭। Online আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd ই-মেইলে অথবা যে কোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১ নম্বরে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেইজে http://www.faceboo.com/alljobsbd teletalk প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। Mail/মেসেজ এর Subject- এ Organization Name: CSSIRAJGANJ, Post Name, Applicants User ID ও Contract Number অবশ্যই উল্লেখ করতে হবে।

২৮। ডিক্লেয়ারেশনঃ প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লেয়ারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৯। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবে না।

৩০। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেস্ট করা হবে। ডোপটেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গন্য হবে।

৩১। যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৩২। প্রার্থীকে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

০৫/০৫/২০২৪

(ডাঃ রাম পদ রায়)
সিভিল সার্জন
সিরাজগঞ্জ
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি।